# আবু সাঈদ হত্যা মামলায় টানা তিনবার সাক্ষী হাজিরে ব্যর্থ প্রসিকিউশন




সংগৃহীত ছবি

জুলাই গণঅভ্যুত্থানের প্রথম শহীদ আবু সাঈদ হত্যা মামলায় টানা তিন ধার্য তারিখেও সাক্ষী হাজির করতে না পারায় প্রসিকিউশনের ব্যর্থতা নিয়ে প্রশ্ন তুলেছেন আসামিপক্ষের আইনজীবী আজিজুর রহমান দুলু। সাক্ষ্যগ্রহণ পিছিয়ে আগামী ১০ নভেম্বর নতুন তারিখ নির্ধারণ করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল।

আবু সাঈদ হত্যা মামলায় সাক্ষী হাজিরে ধারাবাহিকভাবে ব্যর্থ হওয়ায় প্রসিকিউশনের ভূমিকা নিয়ে সমালোচনা করেছেন আসামিপক্ষের আইনজীবী আজিজুর রহমান দুলু। মঙ্গলবার (৪ নভেম্বর) দুপুরে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল প্রাঙ্গণে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, “প্রসিকিউশনের দায়িত্ব হলো চার্জ প্রমাণে সাক্ষী হাজির করা। কিন্তু টানা তিনবার তারা সেই দায়িত্ব পালন করতে ব্যর্থ হয়েছে।”

তিনি আরও বলেন, সাক্ষী হাজিরের সময় চেয়ে প্রসিকিউশন তিনবার আবেদন করলেও আইন অনুযায়ী প্রতিপক্ষকে সংশ্লিষ্ট কাগজ দেওয়া হয়নি। এতে বোঝা যায়, সাক্ষী হাজিরে ব্যর্থতা প্রসিকিউশনের নিজস্ব ত্রুটি বা সমন ঠিকভাবে পাঠানো না হওয়ার ফল।

এই মামলায় বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের (বেরোবি) সাবেক উপাচার্য হাসিবুর রশীদসহ ৩০ জন আসামির বিচার চলছে। মঙ্গলবার ছিল সাক্ষ্যগ্রহণের দশম দিন, তবে সাক্ষী অনুপস্থিত থাকায় ট্রাইব্যুনাল পরবর্তী তারিখ ১০ নভেম্বর নির্ধারণ করেছে।

গ্রেপ্তার ছয় আসামি হলেন—এএসআই আমির হোসেন, বেরোবির সাবেক প্রক্টর শরিফুল ইসলাম, কনস্টেবল সুজন চন্দ্র রায়, ছাত্রলীগ নেতা ইমরান চৌধুরী, রাফিউল হাসান রাসেল ও আনোয়ার পারভেজ। অন্য ২৪ আসামি পলাতক।

এর আগে ২৭ আগস্ট উপস্থাপন করা হয় সূচনা বক্তব্য, আর ৬ আগস্ট ট্রাইব্যুনাল ৩০ আসামির বিরুদ্ধে আনুষ্ঠানিক অভিযোগ গঠন করে বিচার শুরুর নির্দেশ দেয়।